প্রথম আলো

তারিখ 25 JUL 2016
পৃষ্ঠা ০৭ কলাম ৬

## শিক্ষাঙ্গন

### এশিয়া এডুকেশন লিডারশিপ অ্যাওয়ার্ড পাচ্ছেন কাইউম রেজা চৌধুরী



এশিয়া এডুকেশন অ্যাওয়ার্ড-২০১৬-এর জন্য মনোনীত হয়েছেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইউম রেজা চৌধুরী। সিঙ্গাপুরে প্যান প্যাসিফিক মেরিনা স্কয়ারে আগামী ৫ আগস্ট অনুষ্ঠেয় বিশ্ব শিক্ষা কংগ্রেসে পুরস্কারটি তাঁর হাতে তুলে দেওয়া হবে। বিশ্ব শিক্ষা কংগ্রেসের গবেষণা সহযোগী হিসেবে সিএমও এশিয়া এই মহাদেশের ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিজ নিজ ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পুরস্কারটি দিয়ে থাকে। বিজ্ঞপ্তি।

### আইইউবি আন্তস্কুল বিতর্কে চ্যাম্পিয়ন একাডেমিয়া স্কুল

জাতীয় পর্যায়ে তিন দিনব্যাপী 'ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) আন্তস্কুল বিতর্ক প্রতিযোগিতা'য় চ্যাম্পিয়ন হয় ঢাকার একাডেমিয়া স্কুল। এতে ভিকারুন নিসা নূন স্কুল অ্যান্ড কলেজ রানারআপ হয়। শনিবার ঢাকার বসুন্ধরা আবাসিক এলাকার আইইউবি ক্যাম্পাসে বিতর্ক প্রতিযোগিতার সমাপনীতে আইইউবির প্রতিষ্ঠাতা ট্রাস্টের চেয়ারম্যান এ মতিন চৌধুরী, উপাচার্য এম ওমর রহমান ও ট্রাস্টি বোর্ডের সদস্যরা বিজয়ীদের মধ্যে পুরস্কার ও প্রাইজমানি দেন। বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা এবং ঢাকার বাইরের ইংরেজি ও বাংলা উভয় মাধ্যমের ২৮টি স্কুলের ৬০টি দল অংশ নেয়। বিজ্ঞপ্তি।

### এআইইউবিতে মত বিনিময় ও সমন্বয় সভা

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশের (এআইইউবি) অফিস অব স্টুডেন্ট অ্যাফেয়ার্সের উদ্যোগে গত শনিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী ছাত্রছাত্রীদের অভিভাবকদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি ও কর্মকর্তাদের মতবিনিময় ও সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পরামর্শ দেওয়া হয়, অভিভাবকেরা যাতে সন্তানদের পড়াশোনায় মনোযোগ, সামাজিক সচেতনতা ও সুস্থ মানসিকতা বিকাশে সজাগ দৃষ্টি রাখেন। সভায় বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার নিয়মকানুনসহ ফলাফলের গুরুত্বের ওপর আলোচনাও করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর চার্লস সিভিলোনোভা, রেজিস্ট্রার এম এ কাইয়ুম, পরিচালক (স্টুডেন্ট অ্যাফেয়ার্স) মনজুর এইচ খান এতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।